

## রাজশাহীতে শিক্ষক নিয়োগ নিয়ে সংঘর্ষ ॥

আহত ১০

স্টাফ রিপোর্টার, রাজশাহী ॥  
দুর্গাপুর উপজেলার ডেবিলা  
উচ্চ বিদ্যালয়ে শিক্ষক  
নিয়োগকে কেন্দ্র করে  
দুইপক্ষের সংঘর্ষ, ধাওয়া  
পান্টাধাওয়া ও ভাংচুরের ঘটনা  
ঘটেছে। এতে উভয়পক্ষের  
অহত ১০ জন আহত হয়েছে।  
আহতদের উপজেলা  
স্বাস্থ্যকেন্দ্রে ভর্তি করা হয়েছে।  
বুধবার বেলা সাড়ে ১০টার  
দিকে এ ঘটনা ঘটার পর  
বিদ্যালয়সহ ওই এলাকায়  
উত্তেজনা ছড়িয়ে পড়ে। দুর্গাপুর  
থানার পুলিশ ঘটনাস্থল পরিদর্শন  
করেছে। বিদ্যালয় কর্তৃপক্ষের  
অভিযোগ স্থানীয় পৌরসভার  
মেয়র তোফাজ্জল হোসেন তার  
ভাতিজাকে নিয়োগ দিতেই  
নিয়োগ প্রক্রিয়া পণ্ড করতে  
আগে থেকেই চেষ্টা চালিয়ে  
আসছিল। তিনি তার লোক

পাঠিয়ে বিদ্যালয়ের শিক্ষককে  
মারধর ও হামলার ঘটনা  
ঘটিয়েছেন।  
বিদ্যালয়ের শিক্ষকরা জানান,  
বুধবার সকাল সাড়ে ১০টার  
দিকে ডেবিলা উচ্চ বিদ্যালয়ে  
সহকারী প্রধান শিক্ষক পদে  
নিয়োগ বোর্ডবিসার কথা ছিল।  
এর আগে বিদ্যালয় কর্তৃপক্ষ  
সহকারী প্রধান শিক্ষক পদের  
জন্য পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ  
করলে বিদ্যালয়ের সহকারী  
শিক্ষক (ইংরেজী) আফসার  
আলী, ও সহকারী শিক্ষক (কৃষি)  
মোজাম্মেল হক আবেদন  
করেন। সহকারী প্রধান শিক্ষক  
পদে নিয়োগ পেতে কমপক্ষে  
১০ বছরের অভিজ্ঞতা থাকতে  
হবে এমন শর্ত থাকলেও  
মোজাম্মেল হকের সে অভিজ্ঞতা  
না থাকায় বিদ্যালয় কর্তৃপক্ষ  
আফসার আলীকে ওই পদে  
নিয়োগের সিদ্ধান্ত নেয়।